দৈনিক
ইত্তেফাক

তারিখ 30 APR 2012
পৃষ্ঠা ... ... কলাম ... ৪ ...

জাবি : গতকাল শিক্ষকদের আন্দোলনের সাথে একাত্মতা প্রকাশ করে সাধারণ শিক্ষার্থীরা ক্যাম্পাসে মিছিল বের করে —ইত্তেফাক

শিক্ষকদের সাথে একাত্মতা ঘোষণা শিক্ষার্থীদের

জাবিতে ডিসি পতন আন্দোলন

■ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক শরীফ এনামুল কবিরের পদত্যাগ দাবিতে শিক্ষকদের চলমান আন্দোলনের সাথে একাত্মতা ঘোষণা করেছে শিক্ষার্থীরা।

সাংস্কৃতিক জোটের ব্যানারে আন্দোলনরত শিক্ষার্থীরা পূর্বঘোষিত ১১ দফা দাবির স্থলে ভিসির পদত্যাগসহ দুই দফা দাবি জানায়। সাংস্কৃতিক জোটের সভাপতি কলি মাহমুদ, সহ-সভাপতি মঈন মুনতাসিরসহ ৬জন সাংস্কৃতিক কর্মীকে মারধরের প্রতিবাদে গতকাল রবিবার বিক্ষোভ মিছিল বের করে জাহাঙ্গীরনগর সাংস্কৃতিক জোট। মিছিলটি ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে ভিসির বাসভবনের সামনে এসে এক সমাবেশের মাধ্যমে শেষ হয়। সমাবেশ শেষে ভিসির বাসভবনের সামনে এক সংবাদ সম্মেলনে সাংস্কৃতিক জোটের সাধারণ সম্পাদক শাকিলা শারমিন প্রশাসনের উপর অনাস্থা প্রকাশ করে

পৃষ্ঠা ২৩ কলাম ৬

শিক্ষকদের সাথে

প্রথম পৃষ্ঠার পর

ভিসির পদত্যাগ এবং ছাত্রলীগের চিহ্নিত সন্ত্রাসীদের বিচার দাবি করেন। দাবি আদায়ে তারা আজ সকাল ১০টায় অমর একুশের পাদদেশে মানববন্ধন এবং কালোব্যাজ ধারণ কর্মসূচি পালন করবেন। ভিসি পদত্যাগ না করা পর্যন্ত সাংস্কৃতিক জোট ভিসির বাসভবনের সামনে অবস্থানের ঘোষণা দেয়। গতকাল বিকেলে তারা প্রতিবাদী গণসংগীত পরিবেশন করে এবং ভিসির কুশপুত্তলিকা দাহ করে।

ছাত্রলীগের হামলার সাথে বিশ্ববিদ্যালয়ে কর্মরত ছাত্রলীগের সাবেক নেতাদের সংশ্লিষ্টতা রয়েছে বলে অভিযোগ করেছেন হাসপাতালে চিকিৎসারত সাংস্কৃতিক জোটের সভাপতি কলি মাহমুদ। তিনি বলেন, ছাত্রলীগের সাবেক কয়েকজন নেতা যারা বর্তমানে প্রশাসনের বিভিন্ন পদে অধিষ্ঠিত তারা এ হামলার পেছনে ইন্ধন দিয়েছেন। সাথে সাথে তারা অর্থও যোগান দিয়েছেন বলে অভিযোগ করেছেন তিনি।

এদিকে গত শনিবার জাহাঙ্গীরনগর সাংস্কৃতিক জোটের কর্মীদের ওপর ছাত্রলীগের হামলার ঘটনায় শৃঙ্খলা সংক্রান্ত বিধিমালা অনুযায়ী একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তিন সদস্য বিশিষ্ট এই তদন্ত কমিটির প্রধান প্রীতিলতা হলের প্রভোস্ট অধ্যাপক ড. লুৎফর রহমান, সদস্য অধ্যাপক আহমেদ রেজা এবং সদস্য সচিব ডেপুটি রেজিস্ট্রার মোহাম্মদ আলী। এই তদন্ত কমিটিকে সাত কর্মদিবসের মধ্যে সুপারিশসহ রিপোর্ট দিতে বলা হয়েছে।

এদিকে হরতালের বিরুদ্ধে ছাত্রলীগ মিছিল বের করলে আতংক ছড়িয়ে পড়ে সাধারণ শিক্ষার্থীদের মধ্যে। এসময় অনেকে আশংকা করছিল ছাত্রলীগ আগের রাতের মতো আবারও হামলা চালাবে।

এদিকে গতকাল ব্যক্তিগত কারণ দেখিয়ে বিজনেস স্টাডিজ অনুষদের তিন অধ্যাপক আব্দুল বায়েস পদত্যাগ করেছেন। পদত্যাগ বিষয়ে রেজিস্ট্রার আবু বক্কর সিদ্দিক জানান, পদত্যাগের বিষয়টি শুনেছি। কিন্তু লিখিত কোন ডকুমেন্ট পাইনি।

ছাত্রলীগের হামলার ঘটনায় গত শনিবার রাতে আশুলিয়া থানায় সাংস্কৃতিক জোটের সাধারণ সম্পাদক শাকিলা শারমিন মামলা দায়ের করতে গেলে তাদের মামলা নেয়া হয়নি। মামলা না নেয়ার বিষয়ে আশুলিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শেখ মো. বদরুল আলম জানান, যথাযথ প্রক্রিয়া না মানায় মামলা নেয়া হয়নি। তবে একটি জিডি হয়েছে।

ভিসি পতনের দাবিতে শিক্ষক সমাজের ব্যানারে আন্দোলন অব্যাহত রেখেছেন শিক্ষকরা। গত বুধবার রাত আড়াইটা থেকে ভিসির বাসভবনের সামনে অবস্থান করছে তারা।

অন্যদিকে ভিসিপন্থি আওয়ামী ধারার শিক্ষকরাও ভিসির বাসভবনের সামনে অবস্থান করছেন।

শিক্ষক সমাজের আহ্বায়ক অধ্যাপক নাসিম আখতার হোসাইন বলেন, ভিসি পদত্যাগ না করা পর্যন্ত আমাদের আন্দোলন চলবে।